

## এক নজরে নিরীক্ষা ইউনিট

### সূচনাঃ

জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য সাধারণ ভাবে নিরীক্ষার মাধ্যমে রাষ্ট্রের স্বার্থের সুরক্ষা হিসাবে কাজ করে। যা সরকারের অর্থনীতি ও আর্থিক ব্যবস্থাকে সুসংহত করে।

### ধরনঃ

সংবিধিবদ্ধ নিরীক্ষা সাধারণত মহা-হিসাবনিরক্ষক ও নিয়ন্ত্রক এর প্রশাসন আর্থিক বিষয়দি নিরীক্ষার জন্য নিয়োজিত থাকে। অধিকাংশ বিভাগে পৃথক অভ্যন্তরীণ নিরীক্ষা বা অনুসন্ধান(Investigation cell) অনুবিভাগ আছে। এক্ষেত্রে অভ্যন্তরীণ নিরীক্ষা আর্থিক নিয়ন্ত্রণ এর নিয়ামক হিসাবে কাজ করে, যার ফলে জবাবদিহিতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা পায়।

- যেমনঃ ক) কার্যকরী ও দক্ষ কার্যক্রম  
খ) অভ্যন্তরীণ আর্থিক নিয়ন্ত্রণ  
গ) আইন, বিধিবিধান ও প্রবিধি সমূহের প্রতিপালন

উপরোক্ত কারণে অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমকে এভাবে সংঙ্গায়িত করা যায় যে, অভ্যন্তরীণ নিরীক্ষা একটি স্বাধীন, স্বতন্ত্র মূল্যায়ন ও নিরীক্ষার মাধ্যম।

### পরিবার পরিকল্পনা অধিদপ্তরস্বাধীন অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের কাঠামোঃ

৪৪ জন নিরীক্ষা পেশায় দক্ষ কর্মকর্তা-কর্মচারী অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমে নিয়োজিত রয়েছেন।

### বর্তমান কার্যক্রমঃ

- আর্থিক ঝুঁকি ও অনিয়ম ন্যূনতম পর্যায়ে আনয়নের মাধ্যমে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ।
- অডিট আপত্তি নিষ্পত্তিকরণে সহযোগিতা করা।
- মন্ত্রণালয়ের নির্দেশনায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিরীক্ষা ইউনিট অভ্যন্তরীণ কোর অডিট এর দায়িত্ব পালন করছে।
- জন্ম নিয়ন্ত্রণ দ্রব্যাদি ও যন্ত্রপাতির মজুদ রেজিস্টার সমূহ যাচাই এর কাজে নিয়োজিত।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্য সম্পাদন।
- সরকারের বাস্তব ব্যয়ের একটি পূর্ণাঙ্গ চিত্র প্রকাশের জন্য FMIS প্রতিষ্ঠা করা।
- E-Governance প্রতিষ্ঠার জন্য ইন্টারনেট ব্যবস্থা প্রতিষ্ঠা করা।
- নির্ভুলভাবে ব্যয় বিবরণী প্রস্তুতকরণ।
- হিসাব ও নিরীক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধি ও সঠিক হিসাব পরিচালনার জন্য বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম নিশ্চিতকরণ।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরস্বাধীন সকল আর্থিক ব্যবস্থাপনাকে ফলপ্রসূ, দক্ষতা ও আর্থিক কার্যক্রমকে শক্তিশালী করা।

### অর্জনঃ

- পরিবার পরিকল্পনা বিভাগের সকল ডিডিও ও আর্থিক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরীক্ষা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক ২দিনের প্রশিক্ষণ সফলতার সাথে প্রদান করা হচ্ছে (২৪৭২ জন ডিডিও ও হিসাবের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ দেয়া হয়েছে)।
- দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় ও সাধারণ প্রক্রিয়ার মাধ্যমে প্রায় ১৩,০০০ নিরীক্ষা আপত্তির মধ্যে প্রায় ১০,৫০০ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি হয়েছে। যা টাকার মূল্যে প্রায় ২০০ কোটি।
- পরিবার পরিকল্পনার প্রথম জেনারেশন এর প্রায় সকল কর্মকর্তা-কর্মচারী নিরীক্ষা ইউনিটের মাধ্যমে না দাবীর মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি করে পেনশন প্রাপ্ত হয়েছেন।
- গত বছরে কোর অডিট দল পরিবার পরিকল্পনা অধিদপ্তরস্বাধীন অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করেছে।

- ৫) এ ইউনিটের মাধ্যমে পরিপূর্ণ সফলতার সাথে ওপি বাস্তবায়ন হয়েছে (আর্থিক সফলতা ৯০% ও বাস্তব অগ্রগতি ১০০%)।
- ৬) নিরীক্ষা ইউনিট হতে পরিচালিত আর্থিক ব্যবস্থাপনা ও নিরীক্ষা বিষয়ে প্রশিক্ষণের ফলে পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে গত ৪ বছরে রাজস্ব ও স্থানীয় নিরীক্ষা অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুষ্টি নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক কোন নিরীক্ষা আপত্তি উত্থাপিত হয়নি।
- ৭) হিসাবে সাথে সংশ্লিষ্ট ব্যক্তিগণের বিভিন্ন প্রকারের প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা।

### লক্ষ্যমাত্রাঃ

- প্রতিষ্ঠানের সকল নিয়ন্ত্রণ কার্যক্রম ব্যবস্থাকে এমন ভাবে সাজাতে হবে যা শুধু বিল ভাউচার যাচাই এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না।
- উন্নয়ন, কার্যক্রম ও নিয়ন্ত্রণের বিষয়ে সুপারিশমালা তৈরী করা।
- প্রক্রিয়া, নীতি, প্রবিধি ও বিধি-বিধান সমূহ প্রতিপালনে পরামর্শ প্রদান।
- প্রতিষ্ঠানের আর্থিক মানদণ্ড মূল্যায়ন করা।
- ব্যবস্থাপনার যাচিত অপচয় ও অদক্ষতা নিরূপনের মাধ্যমে আর্থিক স্বাস্থ্য রক্ষা করা।
- প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জনের জন্য অধিকতর সুপারিশ প্রনয়ন।
- প্রতারণা, চুরি, আর্থিক অনিয়ম ইত্যাদি কমিয়ে আনার লক্ষ্যে সকল ডিডিও ও আর্থিক বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নিরীক্ষা ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- সঠিক সমন্বয়ের মাধ্যমে দ্বৈত নিরীক্ষা পরিহার কল্পে কার্যকরী (Performance) নিরীক্ষা চালু করা।

### সুপারিশঃ

- স্বতন্ত্র স্বত্তা ও স্বাধীনভাবে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নিরীক্ষা ইউনিটের কার্যক্রম পরিচালনা।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সদর দপ্তর হতে তৃণমূল পর্যায়ে নিয়মিত কার্যকরী (Performance) নিরীক্ষা চালু রাখা।
- আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বাহ্যিক নিরীক্ষা অধিদপ্তর/কার্যালয় এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা এবং পিএ কমিটির সুপারিশ বাস্তবায়ন কল্পে অভ্যন্তরীণ নিরীক্ষাকে শক্তিশালীকরণ, যা প্রজাতন্ত্রের পবিত্র সংবিধানের দাবি।